গাংনীতে ওল ক্ষেত কেটে দেওয়ার অভিযোগ ভাগ্নেদের বিরুদ্ধে

জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে ভাগিনার বিরুদ্ধে দশ কাঠা জমির ওল ক্ষেত কেটে তছরুপ করার অভিযাগ করেছে মামা। এঘটনায় ভাগ্নিদের বিরুদ্ধে থানায় অভিযোগ করেছে মামা। ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামে গত পরশু শুক্রবার দিনগত রাতে।

জানাগেছে, ভাপটাড়া গ্রামের ছিপাত আলী ১০ কাঠা জমিতে ওলের আবাদ করেন। কয়েক মাসের মধ্যে ওল বাজারে তোলার কথা। এমতাস্থায় ছিপাত আলীর ভাগ্নি মোফাজ্জেল হোসেন,বাবুর আলী,কুদ্দুস ও ইদ্রিস আলী ইদু মায়ের জমির শরিকানা ভুঝে নিতে মামা ছিপাত আলীর ওল ক্ষেত কেটে তছরুপ করে। এ ঘটনায় ছিপাত আলী গাংনী থানায় একটি লিখিত অভিযোগ করেন।

ক্ষেত মালিক ছিপাত আলী জানায়, আমার বড় বোনের নামে একটি জমি রেকর্ড হয়েছে। সেকারনে আমার জমি জোর দখল করে নিতে চাই বোনের ছেলেরা। আমি বাধা দিতে গেলে আমাকে মারধর করে। এবং ১০ কাঠা জমির ওল গাছ কেটে তছরুপ করেছে। এতে আমার প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে।

তিনি আরো বলেন, যদি আমার বড় বোনের নামে জমির রেকর্ডপত্র হয়ে থাকে তাহলে আমি তা বাতিলের জন্য আদালতের সরনাপন্ন হবো। তা না করে আমার আবাদ তছরুপ করেছে ।

এবিষয়ে বাবুর আলী বাবু জানান, আমার মায়ের নামের জমি আমার মামা ছিপাত আলী জোর পুর্বক দির্ঘদিন ধরে ভোগদখল করে রেখেছে। আমার মায়ের মৃত্যুর পর অনেকবার জমির ভাগ বুঝে দেবার জন্য মামাকে অনুরোধ করি। আমার মামা তা দেইনি। বরং আমাদের জমি দেবেনা বলে জানিয়ে দিলে আমরা ফাকা একটি জমিতে গিয়ে দখল নিয়েছি।

ওল ক্ষেত কাটার বিষয়ে তিনি বলেন, আমার মামা ছিপাত আলী ও তার ছেলে নিজেরাই ওঁল ক্ষেত কেটে আমাদের মাধায় দোষ চাপানোর পায়তারা করছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান এবিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি নিয়ে তদন্ত চলছে। এখন কিছু বলা যাচ্ছেনা।